

এমবাপ্পে-দেম্বেলেদের অবিশ্বাস্য ফ্রান্সকে থামাবে কে

৩-এর পাতায় দেখুন

দৈনিক
# নেইবার
আমরা সত্য প্রকাশে বিশ্বাসী
THE DAILY NEIGHBOUR

ইরান-যুক্তরাষ্ট্র সংঘাতে আবার হরমুজে অচলাবস্থা, কমেছে জাহাজ

২-এর পাতায় দেখুন



রেজি ঃ ডিএ-৬১৭৬ ॥ বর্ষ-১১ ॥ সংখ্যা-১০ ॥ ঢাকা শনিবার ১১ জুলাই ২০২৬ ইং ॥ ২৭ আষাঢ় ১৪৩৩ বাংলা ॥ ২৫ মহররম ১৪৪৮ ॥ পৃষ্ঠা : ৮ ॥ মূল্য- ৫.০০ টাকা

## আট বিভাগে ভারী বৃষ্টিপাত ও পাহাড়ে ভূমিধসের শঙ্কা



**স্টাফ রিপোর্টার :** মৌসুমি বায়ুর প্রভাবে দেশের আট বিভাগে ভারী বৃষ্টিপাত হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। এছাড়া চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধস হতে পারে। গতকাল শুক্রবার আবহাওয়া অধিদফতরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে গতকাল শুক্রবার সকাল ১০টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি./২৪ ঘণ্টা) থেকে অতি ভারী (১৮৮ মি.মি./২৪ ঘণ্টা) বর্ষণ হতে পারে। ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতাসহ চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধসের শঙ্কা রয়েছে। আবহাওয়া অফিস জানিয়েছে, উত্তরপশ্চিম মধ্য প্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় বিরাজমান সুস্পষ্ট লঘুচাপটি (শেষের পাতায় দেখুন)

### বঙ্গোপসাগরে লঘুচাপ, সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

**স্টাফ রিপোর্টার :** উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকা দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কায় দেশের সব সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। গতকাল শুক্রবার আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি সংক্রান্ত এক বিশেষ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, উত্তর-পশ্চিম মধ্যপ্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি দুর্বল হয়ে বর্তমানে লঘুচাপ আকারে মধ্য উত্তরপ্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি ক্রমান্বয়ে দুর্বল হতে পারে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। সমুদ্রবন্দরসমূহ, (শেষের পাতায় দেখুন)

### ডিএমপির অভিযানে গ্রেপ্তার ৪২৫

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে গত ২৪ ঘণ্টায় ৪২৫ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। এ ঘটনায় ৫৭টি মামলা দায়ের করা হয়েছে। গতকাল শুক্রবার ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গ্রেপ্তারদের মধ্যে রমনা বিভাগ ৩৯ জন, লালবাগ বিভাগ ২৪ জন, ওয়ারী বিভাগ ৬১ জন, মতিঝিল বিভাগ ৫৭ জন, তেজগাঁও বিভাগ ৫৬ জন, মিরপুর বিভাগ ৮৮ জন, গুলশান বিভাগ ৫৫ জন, উত্তরা বিভাগ ৪৩ জন ও গোয়েন্দা বিভাগ ২ জনকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারদের কাছ থেকে ১ কেজি ৭৭ গ্রাম গাঁজা, ৬ হাজার ২৫ পিস ইয়াবা, ৩ গ্রাম (শেষের পাতায় দেখুন)



*রাজধানী ঢাকা যেন পানির নগরী,অল্প বৃষ্টিতেই ডুবে যায় রাস্তা। মৌসুমি বায়ুর প্রভাবে টানা ভারী বর্ষণে রাজধানীর অনেক স্থানেই হাঁটু পর্যন্ত পানি জমে জলাবদ্ধতা সৃষ্টি হয়। ছবিটি শুক্রবার নয়া পল্টন থেকে তোলা।*

## টানা বৃষ্টি ও জলাবদ্ধতায় ভোগান্তিতে রাজধানীবাসী

**এফএনএস:** ছুটির দিনে রাজধানীতে সকাল থেকেই তীব্র বৃষ্টিপাত হতে দেখা যায়। টানা বর্ষণে নগরীর বিভিন্ন সড়ক ও নিম্নাঞ্চলে পানি জমে জনভোগান্তির সৃষ্টি হয়। বিশেষ করে জরুরি কাজে বের হওয়া মানুষ, রিকশাচালক, পথচারী এবং শ্রমজীবী মানুষ চড়ম দুর্ভোগে পড়েন। গতকাল শুক্রবার সকালে নিউমার্কেট, আজিমপুর, ধানমন্ডি, কারওয়ান বাজার, ফার্মগেট, মতিঝিল, কাকরাইল, শান্তিনগর, মালিবাগ ও মিরপুরসহ রাজধানীর বিভিন্ন এলাকায় সড়কে বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। দিনের শুরু ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে থেকেই থেমে থেমে ভারী বৃষ্টি হয়। সাপ্তাহিক ছুটির কারণে সরকারি-বেসরকারি অধিকাংশ অফিস-আদালত বন্ধ থাকায় রাজধানীর বিভিন্ন সড়কে দোকানপাড়টে মানুষের উপস্থিতি অনেকটাই কম ছিল। তবে জরুরি প্রয়োজনে ঘরের বাইরে বের হওয়া লোকজন এবং শ্রমজীবী মানুষদের চরম ভোগান্তিতে পড়েন। নিউমার্কেট, আজিমপুর, ধানমন্ডি, কারওয়ান বাজার, ফার্মগেট, মতিঝিল, কাকরাইল, শান্তিনগর, মালিবাগ ও মিরপুরসহ রাজধানীর বিভিন্ন এলাকার সড়কে, পারা মহল্লার গলিতে পানি জমে থাকতে দেখা যায়। তীব্র বৃষ্টির কারণে রাজধানীর বেশ কিছু এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। শাহবাগ, মৌচাক, নিউমার্কেট ও বিজয়নগর এলাকায় সড়কে হাঁটু পানি জমে যান চলাচলে বিঘ্ন ঘটে। বিশেষ করে মৌচাক (শেষের পাতায় দেখুন)

### ৫ নদীর পানি বিপদসীমার ওপরে

**স্টাফ রিপোর্টার :** মৌসুমি বায়ুর প্রভাবে দেশের বিভিন্ন অঞ্চলে টানা বৃষ্টি ও উজান থেকে নেমে আসা ঢলের কারণে নদীর পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এতে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা ও জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। আর স্থানীয় বাসিন্দাদের মধ্যে তৈরি হয়েছে উদ্বেগ। গতকাল শুক্রবার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ (শেষের পাতায় দেখুন)

### শিগগিরই খুলে দেওয়া হবে জুলাই স্মৃতি জাদুঘর: সংস্কৃতিমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রী নিতাই রায় চৌধুরী বলেছেন, জুলাই স্মৃতি জাদুঘর খুব শিগগিরই খুলে দেওয়া হবে। সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং নতুন কমিটিও গঠন করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে কুমিল্লার ময়নামতি জাদুঘর ও শালবন বিহার পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ে জুলাই জাদুঘরের কমিটি কিছুটা এলোমেলো ছিল। বর্তমানে নতুন করে কমিটি গঠন করা হয়েছে এবং এ বিষয়ে সংসদে সিদ্ধান্ত হয়েছে। দ্রুত সময়ের মধ্যে সংবাদ সম্মেলনের মাধ্যমে জুলাই স্মৃতি জাদুঘরের উদ্বোধনসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে বিস্তারিত জানানো হবে। তিনি বলেন, বিগত ফ্যাসিস্ট পলাতক হাসিনার সরকার দেশের সাংস্কৃতিক নিদর্শন ধ্বংস করেছে। তাদের সময়ে দেশের শিক্ষা, শিল্প, সংস্কৃতি, আইন ও বিচারব্যবস্থাসহ বিভিন্ন খাত ক্ষতিগ্রস্ত হয়েছে।

### রফতানিমুখী দেশীয় বস্ত্র খাতে নগদ সহায়তা বাড়ালো সরকার

**স্টাফ রিপোর্টার :** রফতানিমুখী দেশীয় বস্ত্র খাতের জন্য শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক সুবিধার পরিবর্তে দেওয়া বিকল্প নগদ সহায়তার হার উল্লেখযোগ্যভাবে বাড়িয়েছে সরকার। এতদিন এ খাতে ১ দশমিক ৫ শতাংশ হারে নগদ সহায়তা দেওয়া হলেও এখন থেকে তা বাড়িয়ে ৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-১ থেকে গত বৃহস্পতিবার এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। অর্থ বিভাগের পরিচালক মোহাম্মদ সোহরাব হোসেনের সই করা প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাণিজ্য মন্ত্রণালয়ের সুপারিশের পরিপ্রেক্ষিতে রফতানিমুখী দেশীয় বস্ত্র খাতের জন্য বিদ্যমান বিকল্প নগদ সহায়তার হার ১ দশমিক ৫ শতাংশ থেকে বাড়িয়ে ৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে। তবে এ সুবিধা পেতে হলে কয়েকটি শর্ত পূরণ করতে হবে।



*প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল রাতে ঢাকায় জাতীয় সংসদ ভবনে সংসদের কার্যক্রম সরাসরি দেখতে আসা কুমিল্লার লালমাই উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে সাক্ষাৎ করেন।*

## চট্টগ্রাম অঞ্চলে দুর্যোগ মোকাবিলায় প্রধানমন্ত্রীর ১০ পদক্ষেপ

**স্টাফ রিপোর্টার :** কয়েকদিনের টানা ভারী বর্ষণ ও আকস্মিক বন্যায় সৃষ্ট চট্টগ্রাম অঞ্চলের দুর্যোগ পরিস্থিতি মোকাবিলায় প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশিত ১০টি পদক্ষেপের কথা জানিয়েছেন তাঁর উপদেষ্টা ও কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। তিনি বলেন, সংকটের এই সময়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এবং দুর্গত মানুষের পাশে দাঁড়াতে প্রধানমন্ত্রী অত্যন্ত দ্রুততার সঙ্গে বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছেন। গতকাল শুক্রবার দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন এক ফেসবুক পোস্টে ‘চট্টগ্রাম অঞ্চলে দুর্যোগ মোকাবিলায় প্রধানমন্ত্রীর গৃহীত ১০টি উদ্যোগ’ শিরোনামে এই পদক্ষেপগুলোর কথা বিস্তারিত তুলে ধরেন। তিনি জানান, প্রধানমন্ত্রীর সরাসরি নির্দেশনায় দুর্যোগকবলিত এলাকার পরিস্থিতি সার্বক্ষণিক তদারকি করা হচ্ছে। দুর্গত মানুষের পাশে দাঁড়াতে দলমতের উর্ধ্বে উঠে বিএনপির সকল পর্যায়ের নেতা-কর্মীকে মাঠপর্যায়ে সক্রিয় থেকে ক্ষতিগ্রস্তদের সর্বোচ্চ সহায়তা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। একই সঙ্গে ক্ষয়ক্ষতি নিরূপণ, দ্রুত উদ্ধার ও পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি এবং সংসদ সদস্যদের সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর (শেষের পাতায় দেখুন)



### দলীয় নেতাকর্মীদের এমন সুবিধা দেব না যাতে সরকারের বদনাম হয়: আইনমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, “আমরা (বিএনপি) ক্ষমতায় আছি, নিশ্চয় আমাদের নেতাকর্মীরা সুবিধা পাবে। তবে এমন সুবিধা আমরা দেব না, যাতে সরকারের বদনাম হয়। একজন চাঁদাবাজ হাসপাতালে এসে যদি চাঁদাবাজি করে, সেটা তার ব্যক্তি লাভ হতে পারে। কিন্তু এই চাঁদাবাজের কারণে সরকারের ওপর যে কালিমা লিপ্ত হবে সেই কালিমার দাগ সরকার নেবে না।”

শুক্রবার (১০ জুলাই) ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। (শেষের পাতায় দেখুন)

### আগেই বৃত্তির ফল প্রকাশ করা কর্মকর্তা সাময়িক বরখাস্ত

**স্টাফ রিপোর্টার :** কর্তৃপক্ষের আনুষ্ঠানিক ঘোষণা ও অনুমোদনের আগেই ২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার আংশিক ফলাফল ওয়েব পোর্টালে প্রকাশ করেছিলেন সংশ্লিষ্ট কর্মকর্তা মো. মেহতাব কায়েস। এ ঘটনায় তাকে সাময়িক বরখাস্ত করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। প্রাথমিক শিক্ষা অধিদফতরের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার হিসেবে দায়িত্ব পালনকারী এই কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ, যথাযথ নিরাপত্তা প্রটোকল অনুসরণ না করে ফলাফল আপলোডের জন্য প্রয়োজনীয় লিংক তৈরি এবং ওয়েব পোর্টালে ফলাফল প্রকাশের সুযোগ করে দেন তিনি। এ ঘটনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ‘অসদাচরণ’ হিসেবে বিবেচনা করে গতকাল (শেষের পাতায় দেখুন)

### গাজীপুরে দুই সন্তানকে বিষ খাইয়ে মায়েরও আত্মহত্যাচেষ্টা

**স্টাফ রিপোর্টার :** গাজীপুরে দুই সন্তানকে বিষপান করি নিজেও আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন এক মা। কাজ শেষে বাসায় ফিরে স্বামী মোবারক হোসেন তাদের দ্রুত হাসপাতালে নেন। গত বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে গাজীপুরের শ্রীপুর উপজেলার টেপিরবাড়ি গ্রামে এ ঘটনা ঘটে। অসুস্থ তিন জন হলেন- নেত্রকোনা জেলা সদরের মোবারক হোসেনের স্ত্রী মণি আক্তার (৩০), ছেলে আরাফাত (৪) ও মেয়ে মাইশা (২)। তাদের উদ্ধার করে প্রথমে শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক দুই শিশুর শারীরিক অবস্থার অবনতি দেখে দ্রুত ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানোর পরামর্শ দেন। পরে দুই শিশুকে সেখানে পাঠানো হয়। মা (শেষের পাতায় দেখুন)

### একদিন পরই বাড়লো স্বর্ণের দাম

**স্টাফ রিপোর্টার :** দেশের বাজারে একদিনের ব্যবধানে আবারও স্বর্ণের দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। স্থানীয় বাজারে তেজাবি স্বর্ণ (পিওর গোল্ড) ও রৌপ্যের দাম বৃদ্ধির পরিপ্রেক্ষিতে নতুন এই মূল্য নির্ধারণ করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিংয়ের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। পরে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, গতকাল শুক্রবার সকাল ১০টা থেকে সারা দেশে নতুন দাম কার্যকর হয়েছে। নতুন মূল্য অনুযায়ী, ভ্যাটসহ ২২ ক্যারেটের হলমার্ক করা (শেষের পাতায় দেখুন)



### বাংলাদেশি নাবিকদের ভিসা সহজ করতে যুক্তরাজ্যের সহযোগিতা কামনা

**স্টাফ রিপোর্টার :** আন্তর্জাতিক জাহাজে কর্মরত বাংলাদেশি নাবিকদের জন্য যুক্তরাজ্যের ওকেটিবি (ওকেটিবি), ট্রানজিট ও অন্যান্য নাবিক-সংক্রান্ত ভিসা দ্রুত এবং সহজ করার অনুরোধ জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম। একইসঙ্গে বাংলাদেশের জাহাজ নির্মাণ, বন্দর উন্নয়ন ও সামুদ্রিক পরিবহন খাতে ব্রিটিশ বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানিয়েছেন তিনি। গত বৃহস্পতিবার লন্ডনে যুক্তরাজ্যের পরিবহনমন্ত্রী দ্য রাইট অনারেবল হেইডি আলেকজান্ডারের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে তিনি এসব প্রস্তাব দেন। গতকাল শুক্রবার নৌপরিবহন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কাজী আরিফ বিল্লাহ সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বৈঠকের শুরুতে শেখ রবিউল আলম প্রধানমন্ত্রী তারেক রহমানের শুভেচ্ছা যুক্তরাজ্যের পরিবহনমন্ত্রীর কাছে পৌঁছে দেন। তিনি বলেন, অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও শান্তিপূর্ণ নির্বাচনের মাধ্যমে জনগণের সমর্থন নিয়ে বর্তমান সরকার (শেষের পাতায় দেখুন)

### বিশ্ব জনসংখ্যা দিবস আজ

আজ ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস। ১৯৯০ সালের ১১ জুলাই প্রথমবারের মতো ৯০টি দেশে বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপিত হয়। এরই ধারবাহিকতায় নানা আয়োজনের মধ্য দিয়ে এ বছর বিশ্ব জনসংখ্যা দিবস পালন করতে যাচ্ছে বাংলাদেশ।

দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় হচ্ছে, ‘তরুণদের আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়ন করি, আজকের প্রত্যয়ে সুন্দর আগামী গড়ি’।

বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান পৃথক বাণী দিয়েছেন।

এ বছর বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে আগামী রোববার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হচ্ছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন।

### বাংলাদেশে এআই মেধা বিকাশে সহযোগিতা করছে জাইকা

**স্টাফ রিপোর্টার :** জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা), ব্র্যাক বিশ্ববিদ্যালয় এবং টোকিও বিশ্ববিদ্যালয়ের মাৎসুও-ইওয়াসাওয়া ল্যাবরেটরি’র (মাৎসুও ল্যাব) সহযোগিতায় আয়োজিত জিসিআই ওয়ার্ল্ড ২০২৬ সমাপ্ত হয়েছে। এটি নতুন প্রজন্মের মেধাবী উদ্ভাবকদের অংশগ্রহণে আয়োজিত কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বিষয়ক ১৪ সপ্তাহব্যাপী একটি এডুকেশন প্রোগ্রাম।

জিসিআই ওয়ার্ল্ড মাৎসুও-ইওয়াসাওয়া ল্যাবরেটরি’র একটি গ্লোবাল এডুকেশন প্রোগ্রাম, যেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা, ডেটা সায়েন্স ও মেশিন লার্নিং বিষয়ে শিক্ষার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। এবছর ১১৪টি দেশের ২৫ হাজারেরও বেশি শিক্ষার্থী এতে অংশগ্রহণ করে, যাদের মধ্যে বাংলাদেশ থেকে ছিল প্রায় ৮০০ (শেষের পাতায় দেখুন)

## রাজনীতি ভোগের জন্য নয়, এটি জনগণের ভাগ্য পরিবর্তনের মাধ্যম: তথ্যমন্ত্রী



**স্টাফ রিপোর্টার :** তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, রাজনীতি কেবল ক্ষমতা ভোগ করার বিষয় নয়, এটি জনগণের ভাগ্য পরিবর্তনের একটি মাধ্যম। রাজনৈতিক দলগুলোর কর্মকাণ্ডের মধ্য দিয়ে তা প্রমাণ করতে হবে। গতকাল শুক্রবার বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। জিয়াউর রহমান ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত আলোচনা সভা শেষে মন্ত্রী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বৃক্ষরোপণ করেন। মন্ত্রী বলেন, সরকারের পাশাপাশি সামাজিক সংগঠনগুলোর সামাজিক তৎপরতা অব্যাহত রাখতে হবে। প্রমাণ করতে হবে রাজনীতি কেবল ক্ষমতা ভোগ করার প্রক্রিয়া নয়। যে রাজনৈতিক দল ক্ষমতায় যায় বা যেতে চায়, তাদের কর্মকাণ্ডের মধ্য দিয়ে তা প্রমাণ করতে হবে। প্রধানমন্ত্রী তারেক রহমান সেটা প্রমাণ করেছেন। এ সময় জিয়াউর রহমান ফাউন্ডেশনের তৎপরতা অব্যাহত রাখার আহ্বান জানান তথ্যমন্ত্রী? প্রধানমন্ত্রীর বরিশাল সফর নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর বরিশাল সফর মূলত বৃক্ষরোপণকে কেন্দ্র করেই। প্রধানমন্ত্রী (শেষের পাতায় দেখুন)

## আমাদের সীমিত সামর্থ্য অনুযায়ী বিপন্ন মানুষের পাশে দাঁড়াবো: জামায়াত আমির



**স্টাফ রিপোর্টার :** জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আমাদের পক্ষ থেকে সীমিত সামর্থ্য অনুযায়ী আমরা এই বিপন্ন মানুষের পাশে দাঁড়াবো। বিশেষ করে নিহত পরিবারগুলোর পাশে আমরা কীভাবে দাঁড়াতে পারি সেটা আমরা চেষ্টা করছি। গতকাল শুক্রবার সকালে চট্টগ্রামে টানা বর্ষণ ও পাহাড়ি ঢলের কারণে সৃষ্ট বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনে এসে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় যতটুকু পারি, আমাদের পক্ষ থেকে, দলীয় অবস্থান থেকে, আমরা ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য আমাদের সংশ্লিষ্ট সব সংগঠনকে নির্দেশ দিয়েছি। কেন্দ্র থেকে এটা আমরা সমন্বয় করছি। তিনি বলেন, দেশের চারটি বিভাগে মূলত এ সমস্যা দেখা দিয়েছে। তার মধ্যে রয়েছে চট্টগ্রাম, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগ। এ চারটি বিভাগের অবস্থা ক্রমান্বয়ে খারাপের দিকে যাচ্ছে। তবে রংপুর বিভাগ বেশি হুমকিতে পড়বে। যদি তিস্তার ওইদিক থেকে সব বাঁধ খুলে দেওয়া হয়, তাহলে যেটা প্রত্যেক বছরই হয়, আমাদের দুঃখ হয়ে আছে, সেই ঝামেলাটা দেখা দেবে। বিরোধী দলীয় নেতা বলেন, তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নে আমাদের পক্ষ থেকে এ বিষয়ে জোরালো দাবি উত্থাপন করা হয়েছে। সরকারের পক্ষ থেকে এ বিষয়ে অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে।



NDF (Reg. S-9479/09) Public Media & Human Rights Organization

# দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

AL-HAJ KAZI AMENA AKBAR FOUNDATION
Public Media & Human Rights Organization

ঢাকা শনিবার ১১ জুলাই ২০২৬ ইং ॥ ২৭ আষাঢ় ১৪৩৩ বাংলা


# সবজির দাম স্থিতিশীল থাকলেও ডিম, মাছ ও মুরগি ঊর্ধ্বমুখী



**স্টাফ রিপোর্টার :** টানা কয়েকদিনের বৃষ্টিতে জনজীবন কিছুটা ব্যাহত হলেও রাজধানীর কাঁচাবাজারে এর তেমন প্রভাব পড়েনি। সরবরাহ স্বাভাবিক থাকায় অধিকাংশ সবজির দাম এখনও ক্রেতাদের নাগালের মধ্যেই রয়েছে। তবে স্বস্তির এই চিত্র নেই আমিষের বাজারে। ডিম, মাছ ও মুরগির ঊর্ধ্বমুখী দামে বাড়তি চাপ পড়েছে সাধারণ মানুষের ওপর। এর মধ্যে গত সপ্তাহের তুলনায় ডিমের দাম প্রতি ডজনে বেড়েছে ১০ থেকে ১৫ টাকা। পাশাপাশি মাছ ও মুরগির দামও রয়েছে তুলনামূলক বেশি। গতকাল শুক্রবার রাজধানীর রায়সাহেব বাজার, নারিন্দা কাঁচাবাজারসহ বিভিন্ন বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। বাজারে বর্তমানে ফার্মের (ব্রাউন) ডিম প্রতি ডজন ১২০ থেকে ১৩০ টাকা এবং সাদা ডিম ১২০ টাকায় বিক্রি হচ্ছে। অথচ গত সপ্তাহেও একই ডিমের দাম ছিল ১১০ থেকে ১২০ টাকার মধ্যে। ব্যবসায়ীদের দাবি, খামার পর্যায়ে উৎপাদন ব্যয় বৃদ্ধি এবং সরবরাহ ব্যবস্থার প্রভাবে ডিমের দাম বেড়েছে। মুরগির বাজারেও রয়েছে ঊর্ধ্বমুখী প্রবণতা। বর্তমানে প্রতি কেজি ব্রয়লার মুরগি বিক্রি হচ্ছে ১৯০ থেকে ২০০ টাকায়, যা গত সপ্তাহে ছিল ১৭০ থেকে ১৮০ টাকা। পাকিস্তানি সোনালি মুরগির কেজি ৩২০-৩৩০ টাকা থেকে বেড়ে হয়েছে ৩৩০-৩৪০ টাকা। পাকিস্তানি হাইব্রিড জাতের মুরগি ২৮০-৩০০ টাকা থেকে বেড়ে বিক্রি হচ্ছে ৩১০-৩২০ টাকায়। পাকিস্তানি লেয়ার মুরগির দাম গত সপ্তাহের মতোই ৩৩০-৩৪০ টাকা রয়েছে। আর দেশি মুরগি বিক্রি হচ্ছে ৫৫০ থেকে ৬০০ টাকা কেজি দরে। মুরগি বিক্রেতা মো. মাসুদ হোসেন বলেন, টানা বৃষ্টির কারণে বাজারে ক্রেতা কিছুটা কম এসেছে। তবে মুরগির সরবরাহ স্বাভাবিক আছে। মাছের বাজারেও স্বস্তি নেই। বড় আকারের রুই বিক্রি হচ্ছে ৪০০ থেকে ৪৫০ টাকা, চিংড়ি ৬০০ থেকে ৮০০ টাকা, ট্যাংরা ৬০০ থেকে ৮০০ টাকা, ভেটকি ৪০০ থেকে ৫৫০ টাকা, কৈ ৪০০ থেকে ৫০০ টাকা এবং শোল ৭০০ টাকা কেজি দরে। ৮০০ থেকে ৯০০ গ্রাম ওজনের ইলিশের কেজি বিক্রি হচ্ছে ২ হাজার থেকে ২ হাজার ২০০ টাকায়। আর এক কেজি ওজনের ইলিশের দাম ২ হাজার ৩০০ থেকে ২ হাজার ৪০০ টাকা। তবে চাষের তেলাপিয়া, পাঙাশ, শিং ও মাঝারি আকারের রুইয়ের দাম তুলনামূলক স্থিতিশীল রয়েছে। মাছ বিক্রেতা মো. শাহ আলম বলেন, টানা বৃষ্টির কারণে বাজারে ক্রেতার সংখ্যা কিছুটা কমেছে। কিছু দেশি মাছ ও ইলিশের সরবরাহ তুলনামূলক কম থাকায় সেগুলোর দাম বেশি। চাষের তেলাপিয়া, পাঙাশ ও মাঝারি রুইয়ের দাম মোটামুটি স্থিতিশীল আছে। আমরা পাইকারি বাজার থেকে যে দামে মাছ কিনছি, সেই অনুযায়ীই বিক্রি করছি। অন্যদিকে, বৃষ্টির মধ্যেও সবজির বাজারে সরবরাহে কোনো ঘাটতি দেখা যায়নি। বিভিন্ন জেলা থেকে নিয়মিত সবজি আসায় বাজারে স্বস্তি বজায় রয়েছে। বর্তমানে প্রতি কেজি ঢেঁড়স বিক্রি হচ্ছে ৩০ থেকে ৫০ টাকা, উচ্ছে ৪০ টাকা, পটোল ৫০ টাকা, কুমড়া ৪০ টাকা, আলু ৩০ টাকা, পেঁপে ২০ থেকে ৪০ টাকা, শসা ৫০ থেকে ৬০ টাকা, বরবটি ৬০ টাকা এবং করলা ৭০ টাকায়। অধিকাংশ সবজিই ৫০ থেকে ৭০ টাকার মধ্যে বিক্রি হচ্ছে। তবে আমদানিনির্ভর টমেটোর দাম এখনও অনেক বেশি। প্রতি কেজি টমেটো বিক্রি হচ্ছে ২৪০ থেকে ৩০০ টাকায়, যা সাধারণ ক্রেতার নাগালের বাইরে। এছাড়া বৃষ্টির প্রভাবে বেড়েছে কাঁচা মরিচের দাম।

# তরুণরাই দেশের ভবিষ্যৎ ও প্রধান চালিকাশক্তি: রাষ্ট্রপতি



**স্টাফ রিপোর্টার :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেছেন, তরুণরাই দেশের ভবিষ্যৎ ও প্রধান চালিকাশক্তি। রাষ্ট্রের কাছে নতুন প্রজন্মের চাওয়া হচ্ছে তাদের মৌলিক চাহিদা পূরণ হবে, নিশ্চিত হবে সকলের ব্যক্তিগত ও সামষ্টিক ভাগ্যোন্নয়নের সুযোগ। গতকাল বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি এক বাণীতে এসব কথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও 'বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৬' পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

তিনি বলেন, বাংলাদেশ বিশ্বের একটি অন্যতম জনবহুল দেশ। যার এক-তৃতীয়াংশই তরুণ প্রজন্ম। দেশের বিপুল জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করা গেলে নতুন প্রজন্মের আকাঙ্ক্ষা যেমন পূরণ হবে, পাশাপাশি নিশ্চিত হবে সমৃদ্ধ আগামীর স্বপ্ন। এ প্রেক্ষাপটে দিবসটির এ বছরের প্রতিপাদ্য 'তারুণ্যের আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়ন করি, আজকের প্রত্যয়ে সুন্দর আগামী গড়ি' সময়োপযোগী ও যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

রাষ্ট্রপতি বলেন, বর্তমান সরকার দেশের যুব ও তরুণ প্রজন্মকে সুশিক্ষিত, দক্ষ, স্বাবলম্বী ও নৈতিক মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্যে সরকার দেশের শিক্ষা ব্যবস্থাকে আধুনিক, কর্মমুখী ও উৎপাদনমুখী করতে নানা পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন শুরু করেছে।

তিনি বলেন, যুবসমাজের সৃজনশীলতা ও নেতৃত্বের বিকাশ এবং ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবনে দক্ষ করে গড়ে তুলতে কারিগরি ও কর্মমুখী শিক্ষা ও প্রশিক্ষণে বিশেষ অগ্রাধিকার দেওয়া হচ্ছে। একই সঙ্গে মাদক, বাল্যবিবাহ, সহিংসতাসহ নানান সামাজিক অবক্ষয় রোধে ব্যাপক সচেতনতা তৈরি, সামাজিক নিরাপত্তা কর্মসূচির সম্প্রসারণ এবং আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করা হচ্ছে। রাষ্ট্রপতি বলেন, আমার বিশ্বাস, এ সকল উদ্যোগ নতুন প্রজন্মের বিকাশ ও জীবনমান উন্নয়নে সহায়ক হবে। দেশের সামাজিক স্থিতিশীলতা এবং টেকসই উন্নয়নের অন্যতম নিয়ামক হিসেবে ভূমিকা রাখবে। তিনি আরও বলেন, নাগরিক সুস্বাস্থ্য ও পরিকল্পিত পরিবার একটি সুস্থ ও কর্মক্ষম জাতি এবং টেকসই আর্থসামাজিক উন্নয়নের পূর্বশর্ত। এই প্রেক্ষাপটে সরকার দেশের স্বাস্থ্যখাতের উন্নয়নেও ব্যাপকভিত্তিক কর্মসূচি হাতে নিয়েছে।

# দেশ সবার, সব ধর্মের মানুষকে নিয়েই এগোতে হবে: প্রবাসীকল্যাণ মন্ত্রী




**স্টাফ রিপোর্টার :** সিলেট বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতির অন্যতম উজ্জ্বল দৃষ্টান্ত মন্তব্য করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেছেন, 'দেশ আমাদের সবার। আমরা সবাই বাংলাদেশি। হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান সবাইকে নিয়ে ঐক্যবদ্ধভাবে দেশকে এগিয়ে নিতে হবে। সম্প্রীতির পরিবেশ আমাদের ধরে রাখতে হবে।' শুক্রবার (১০ জুলাই) দুপুরে নগরীর মেন্দিবাগস্থ জালালাবাদ গ্যাস অডিটোরিয়ামে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ সিলেট জেলার দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ধর্মীয় সম্প্রীতি রক্ষার আহ্বান জানিয়ে আরিফুল হক চৌধুরী আরও বলেন, 'আমাদের সবাইকে সজাগ থাকতে হবে। কোনোভাবেই সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্টের সুযোগ দেওয়া যাবে না। দল-মতের ঊর্ধ্বে উঠে ঐক্যবদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে হবে।'

সম্প্রীতির প্রসঙ্গ তুলে তিনি বলেন, 'আমার মন্ত্রণালয় ও ব্যক্তিগত দপ্তরে বিভিন্ন ধর্মের মানুষ দায়িত্ব পালন করছেন। যোগ্যতার ভিত্তিতেই সবাইকে রাষ্ট্র পরিচালনায় কাজ করার সুযোগ দিতে হবে।'

মেয়রের দায়িত্বে থাকাকালীন সময়ের স্মৃতিচারণ করে মন্ত্রী বলেন, 'সিলেট সিটি করপোরেশন নির্বাচনে সনাতন ধর্মাবলম্বীদের সমর্থন আমি কখনো ভুলব না। বিশেষ করে নারী ভোটারদের অংশগ্রহণ সিলেটের সম্প্রীতির অনন্য উদাহরণ হয়ে থাকবে।'

মন্ত্রী এসময় হজরত শাহজালাল (রহ.), শাহপরান (রহ.) ও শ্রীচৈতন্যের স্মৃতিবিজড়িত পুণ্যভূমিতে এসে 'আনন্দিত' বলে জানান।

তিনি উল্লেখ করেন, পূজা উদযাপন পরিষদের এই সম্মেলনে অংশ নিতেই তিনি সিলেটে এসেছেন।

সম্মেলনে উত্থাপিত বিভিন্ন দাবি-দাওয়ার প্রসঙ্গে মন্ত্রী বলেন, 'প্রশাসনে প্রতিনিধিত্ব, সুনামগঞ্জের সাম্প্রতিক ঘটনাসহ যেসব বিষয় উত্থাপিত হয়েছে, সেগুলো প্রধানমন্ত্রীর দৃষ্টিগোচর করব। প্রয়োজন হলে স্বরাষ্ট্র ও শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গেও আলোচনা করা হবে।'






## বঙ্গোপসাগরে লঘুচাপ

(প্রথম পাতার পর)

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ অবস্থায় চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সব ধরনের মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

## আট বিভাগে ভারী

দুর্বল হয়ে বর্তমানে লঘুচাপ আকারে মধ্য উত্তরপ্রদেশ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি ক্রমশ দুর্বল হয়ে যেতে পারে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। মৌসুমি বায়ুর বর্ধিতাংশের অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, লঘুচাপের কেন্দ্রস্থল, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় বিরাজমান আছে। আগামী পাঁচ দিন দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে বলেও জানিয়েছে আবহাওয়া অফিস।

## ৫ নদীর পানি

কেন্দ্রের বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি বিষয়ক পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সকাল ৯টার তথ্যানুযায়ী দেশের ৫ নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এরমধ্যে সাঙ্গু নদীর পানি বান্দরবান পয়েন্টে ৯৫ সেন্টিমিটার, দোহাজারি (চট্টগ্রাম) পয়েন্টে ২৩ সেন্টিমিটারের ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। মাতামুহুরী নদীর পানি লামা (বান্দরবান) পয়েন্টে ৪৭ সেন্টিমিটার, চিরিঙ্গা (কক্সবাজার) পয়েন্টে ৩২ সেন্টিমিটারের ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া সিলেটে কুশিয়ারা নদীর পানি মারকুলি (সুনামগঞ্জ) পয়েন্টে বিপৎসীমার ১৮ সেন্টিমিটার, ফেঞ্চুগঞ্জ (সিলেট) পয়েন্টে ১০ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। মনু নদীর পানি মনু রেলব্রিজ (মৌলভীবাজার) পয়েন্টে ৩৫ সেন্টিমিটার, মৌলভীবাজার পয়েন্টে ৮০ সেন্টিমিটারের ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। আর খোয়াই নদীর পানি বল্লা (হবিগঞ্জ) পয়েন্টে বিপৎসীমার ৬০ সেন্টিমিটারের ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। অন্যদিকে সকাল ৯টা পর্যন্ত আরও ৫ নদীর পানি বিপৎসীমার কাছাকাছি অবস্থায় প্রবাহিত হচ্ছে। এরমধ্যে তিস্তা নদীর পানি ডালিয়া (নীলফামারী), কাউনিয়া (লালমনিরহাট) ও তারাপুর (গাইবান্ধা) স্টেশনে বিপৎসীমার কাছাকাছি পৌঁছেছে। আর সিলেটে কুশিয়ারা নদী শেরপুর (মৌলভীবাজার) স্টেশনে, সুরমা নদী কানাইঘাট (সিলেট), ছাতক (সুনামগঞ্জ) ও সুনামগঞ্জ স্টেশনে, সোমেশ্বরী নদী কলমাকান্দা (নেত্রকোনা) স্টেশনে এবং ছোট ফেনী নদী কোম্পানিগঞ্জ (নোয়াখালী) স্টেশনে সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে। সতর্কীকরণ কেন্দ্রের তথ্যমতে, গত ২৪ ঘন্টায় দেশের উজানে চেরাপুঞ্জিতে (মেঘালয়) ১০৯ মিমি বৃষ্টিপাত রেকর্ড হয়েছে। আর বাংলাদেশের অভ্যন্তরে সর্বোচ্চ বৃষ্টিপাত রেকর্ড হয়েছে চট্টগ্রামে (২০৩ মিমি)।

## চট্টগ্রাম অঞ্চলে দুর্যোগ

নির্দেশিত ১০টি প্রধান উদ্যোগ হলো-

১. প্রধানমন্ত্রী নিজে সার্বক্ষণিকভাবে দুর্যোগকবলিত এলাকার খোঁজ-খবর নিচ্ছেন এবং মনিটরিং করাচ্ছেন। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে নিয়মিতভাবে ডিসি, ইউএনও এবং আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যসহ সংশ্লিষ্ট সবার সাথে যোগাযোগ রেখে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া হচ্ছে।

২. চট্টগ্রাম বিভাগের দুর্যোগকবলিত এলাকায় ইতোমধ্যে ১ হাজার ৫৭টি আশ্রয়কেন্দ্র চালু করা হয়েছে, যেখানে ১২ হাজারের বেশি মানুষ আশ্রয় গ্রহণ করেছেন।

৩. জেনারেল রিলিফ (জিআর) কর্মসূচির আওতায় ক্ষতিগ্রস্ত চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান- এই ৫টি জেলার জন্য ২ কোটি ১৫ লাখ টাকা নগদ অনুদান এবং ৩ হাজার ৪৫০ মেট্রিক টন চাল দুর্গতদের কাছে দ্রুততম সময়ে পৌঁছে দেওয়া হয়েছে।

৪. সরকারের নির্দেশনায় দুর্গত এলাকায় নিরাপদ খাবার পানি, স্যানিটেশন ব্যবস্থা, স্বাস্থ্যসেবা, শিশুখাদ্য এবং তিন বেলা খাবার সরবরাহ নিশ্চিত করা হয়েছে।

৫. জরুরি পরিস্থিতি বিবেচনায় পাহাড়ি এলাকায় উদ্ধার কার্যক্রম গতিশীল করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি প্রয়োজনবোধে সেনাবাহিনীও মোতায়েন করা হয়েছে।

৬. প্রধানমন্ত্রীর পক্ষ থেকে সহায়তার বার্তা পৌঁছে দিতে স্থানীয় সংসদ সদস্য ও জনপ্রতিনিধিবৃন্দ প্লাবিত অঞ্চল পরিদর্শন করছেন এবং সশরীরে দুর্গত এলাকায় অবস্থান নিয়ে মানুষের পাশে দাঁড়াচ্ছেন।

৭. দুর্গত মানুষের পাশে দাঁড়াতে রাষ্ট্র পরিচালনাকারী দল বিএনপির সর্বস্তরের নেতাকর্মী ও সহযোগী সংগঠনগুলো মাঠে নেমেছে। একই সাথে সরকারের প্রশাসন, বিভিন্ন মন্ত্রণালয়, আইনশৃঙ্খলা বাহিনী, সেনাবাহিনী এবং কোস্টগার্ড মাঠপর্যায় থেকে কেন্দ্র পর্যন্ত একযোগে কাজ করছে।

## ডিএমপির অভিযানে

হেরোইন, একটি মিশুক গাড়ি, একজন ভিকটিম, নয়টি মোবাইল ফোন, একটি কলকি, একটি ডাইস বোর্ড, নগদ ৬১০ টাকা, তিনটি চাপাতি, দুইটি ছোরা, একটি কুড়াল, একটি শাবল ও একটি সুইচ গিয়ার চাকু জব্দ করা হয়েছে।

## টানা বৃষ্টি ও জলাবদ্ধতায়

মার্কেটের ভেতরে বৃষ্টির পানি ঢুকে পড়ায় অনেক দোকান ক্ষতিগ্রস্ত হয়। ফুটপাতের দোকান থেকে শুরু করে মার্কেটের বিভিন্ন দোকানে পানি প্রবেশ করায় ব্যবসায়ীরা চরম ভোগান্তিতে পড়েছেন। বৃষ্টির কারণে ফুটপাতের ক্ষুদ্র ব্যবসায়ীদের বেচাকেনা কমে যায়, ফলে তারা আর্থিক ক্ষতির সম্মুখীন হন এবং মার্কেটের বিভিন্ন দোকানে বৃষ্টির পানি ঢুকে পড়ায় ক্ষতির আশঙ্কার কথা জানান ব্যবসায়ীরা। জলাবদ্ধতার কারণে সড়কে যানবাহন ধীরগতিতে চলাচল করে, আবার অনেক সড়কে পানির কারণে যানবাহন বিকল হয়ে যানজটের সৃষ্টি হয়ে। এতে বিভিন্ন গন্তব্যের যাত্রীদের ভোগান্তি বেড়ে যায়। অনেকেই আবার ছাতা বা রেইনকোট ছাড়াই বৃষ্টিতে ভিজেই গন্তব্যে যেতে দেখা যায়। অপরদিকে ছুটির দিন হওয়ায় সড়কে যানবাহনের চাপ তুলনামূলক কম থাকলেও টানা বৃষ্টির কারণে বিভিন্ন এলাকায় চলাচলে বিঘ্ন ঘটে। দেশের ১৯ জেলার ওপর দিয়ে গতকাল শুক্রবার সন্ধ্যার মধ্যে ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কিলোমিটার বেগে অস্থায়ী দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে সতর্ক করেছে আবহাওয়া অধিদপ্তর। একইসঙ্গে এসব এলাকায় বৃষ্টি কিংবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনার কথাও জানিয়েছে সংস্থাটি। গতকাল শুক্রবার দেশের অভ্যন্তরীণ নদীবন্দরগুলোর জন্য দেওয়া সতর্কবার্তায় বলা হয়েছে, রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের ওপর দিয়ে দক্ষিণ অথবা দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ সময় বজ্রপাতসহ বৃষ্টির সম্ভাবনাও রয়েছে। সংশ্লিষ্ট এলাকার নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

## দলীয় নেতাকর্মীদের এমন

মন্ত্রী বলেন, "সম্প্রতি বরিশালে জোর করে দলীয় পরিচয়ে একজন চেক সাইন করতে নিয়ে গিয়েছিলেন। কিন্তু আমরা রাত পার হতে দেইনি। সেই ব্যক্তিকে আইনের আওতায় আনা হয়েছে।"

তিনি আরো বলেন, "অপরাধী দলের যত বড়ই নেতা হোক না কেন, তার পরিচয় সে অপরাধী। কেউ যদি মনে করেন আওয়ামী লীগ লুটপাট করেছে, আর সেই খালি জায়গায় আপনি নিজেই বসে যাবেন, তাহলে ভুলের স্বর্গে বসবাস করছেন। এ রকম ভুল ধারণা আপনারা করবেন না। আমরা এমন কোনো সুবিধা দলীয় নেতাকর্মীদের দেব না, যাতে করে দলের ভাবমূর্তি ক্ষুন্ন হয়। দলের বদনাম হবে এমন কোনো কাজ কোনো দলীয় নেতাকর্মীর কাছ থেকে মেনে নেওয়া হবে না।"

## আগেই বৃত্তির ফল

শুক্রবার তাকে সাময়িক বরখাস্তের আদেশ জারি করা হয়েছে। বরখাস্ত আদেশ অনুযায়ী, ফলাফল আপলোডের দিন অর্থাৎ ৯ জুলাই ২০২৬ থেকে তার বরখাস্ত কার্যকর হবে। তবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরাকি ভাতা পাবেন।

## গাজীপুরে দুই সন্তানকে

মণি আক্তার শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি আছেন। মোবারক হোসেন শ্রীপুরের টেপিরবাড়ি এলাকায় ভাড়া বাসায় পরিবার নিয়ে থাকেন। তিনি স্থানীয় একটি পোশাক কারখানায় চাকরি করেন। গত বৃহস্পতিবার সন্ধ্যায় কাজ শেষে বাসায় ফিরে তিনি দেখেন, তার স্ত্রী ও দুই সন্তান ঘরের মেঝেতে পড়ে কাতরাচ্ছেন। ঘরে এবং তাদের শরীরে কীটনাশকের তীব্র গন্ধ ছিল। শিশুদের মুখ দিয়ে ফেনা বের হচ্ছিল। পরে তিনি চিৎকার করলে প্রতিবেশীরা এগিয়ে এসে তাদের হাসপাতালে নিয়ে যান। ভাড়া বাড়ির মালিক বিউটি আক্তার বলেন, প্রায় দুই মাস আগে মোবারক তার বাড়ির একটি কক্ষ ভাড়া নিয়ে পরিবারসহ বসবাস শুরু করেন। স্বামী-স্ত্রীর মধ্যে কলহ ছিল। তবে কী বিষয় নিয়ে কলহ ছিল, তা তিনি জানাতে পারেননি। শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক বলরাম দাস বলেন, মা ও দুই শিশুকে গুরুতর অবস্থায় হাসপাতালে আনা হয়। শিশুদের অবস্থা সংকটাপন্ন হওয়ায় দ্রুত ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। মায়ের চিকিৎসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চলছে। শ্রীপুর থানার ওসি শাহীনুর আলম বলেন, ঘটনাটি এখনও থানায় কেউ জানায়নি। এ বিষয়ে খোঁজ নেওয়া হবে।

## একদিন পরই বাড়লো

স্বর্ণালংকারের প্রতি গ্রাম বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছে ১৯ হাজার ২২০ টাকা; যা আগের দিনের দামের তুলনায় ১৯০ টাকা বেশি। সে হিসাবে প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) ২২ ক্যারেটের স্বর্ণের দাম বেড়ে দাঁড়িয়েছে ২ লাখ ২৪ হাজার ১৬৬ টাকা; যা আগের দিনের তুলনায় ২ হাজার ২১৫ টাকা বেশি। এছাড়া ২১ ক্যারেটের হলমার্ক করা স্বর্ণের প্রতি গ্রাম বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছে ১৮ হাজার ৩৫৫ টাকা; যা আগের তুলনায় ১৮০ টাকা বেশি। ১৮ ক্যারেটের প্রতি গ্রাম স্বর্ণের দাম বেড়ে হয়েছে ১৫ হাজার ৭৬৫ টাকা, অর্থাৎ ১৫৫ টাকা বৃদ্ধি পেয়েছে। সনাতন পদ্ধতির স্বর্ণের প্রতি গ্রাম বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছে ১২ হাজার ৮৮০ টাকা; যা আগের তুলনায় ১২৫ টাকা বেশি। স্বর্ণের পাশাপাশি রৌপ্যালংকারের দামও বাড়ানো হয়েছে। নতুন মূল্য অনুযায়ী, ২২ ক্যারেটের প্রতি গ্রাম রৌপ্যালংকারের দাম ৪০৫ টাকা, ২১ ক্যারেটের ৩৯০ টাকা, ১৮ ক্যারেটের ৩৩৫ টাকা এবং সনাতন পদ্ধতির রৌপ্যালংকারের প্রতি গ্রাম ২৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

## বাংলাদেশি নাবিকদের

রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছে। সরকার গণতন্ত্র, সুশাসন, জবাবদিহি ও আইনের শাসন প্রতিষ্ঠায় অঙ্গীকারবদ্ধ। বাংলাদেশ ও যুক্তরাজ্যের ঐতিহাসিক, বন্ধুত্বপূর্ণ ও বহুমাত্রিক সম্পর্কের কথা উল্লেখ করে বাংলাদেশের গণতান্ত্রিক উত্তরণে যুক্তরাজ্যের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন মন্ত্রী। দুই দেশের সম্পর্ককে নতুন উচ্চতায় নিতে বিদ্যমান দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারের ওপর গুরুত্ব দেন তিনি। বৈঠকে আন্তর্জাতিক জাহাজে কর্মরত বাংলাদেশি নাবিকদের জন্য ওকেটিবি, ট্রানজিট এবং অন্যান্য নাবিক-সংক্রান্ত ভিসা দ্রুত ও সহজ করার ক্ষেত্রে যুক্তরাজ্যের সহযোগিতা চান শেখ রবিউল আলম। তিনি বাংলাদেশের জাহাজ নির্মাণ, সামুদ্রিক প্রকৌশল, বন্দর উন্নয়ন, সামুদ্রিক পরিবহন ব্যবস্থা এবং বন্দরভিত্তিক শিল্পে ব্রিটিশ বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানান। এসব খাতে যৌথ উদ্যোগ, প্রযুক্তি হস্তান্তর এবং সরকারি-বেসরকারি অংশীদারত্ব সম্প্রসারণের পাশাপাশি দুই দেশের বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির ওপরও গুরুত্ব দেন মন্ত্রী। জাহাজ পুনর্ব্যবহার শিল্পে আন্তর্জাতিক মান নিশ্চিত করতে সরকার হংকং আন্তর্জাতিক কনভেনশন বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ বলেও বৈঠকে উল্লেখ করেন তিনি। মন্ত্রী জানান, বর্তমানে দেশের ৪২টি জাহাজ পুনর্ব্যবহার ইয়ার্ডের মধ্যে ২৭টি আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়েছে। অবশিষ্ট ইয়ার্ডগুলোকে পর্যায়ক্রমে ওই মানে উন্নীত করার কার্যক্রম চলছে। শেখ রবিউল আলম বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে আন্তর্জাতিক নৌ সংস্থার (আইএমও) বৈশ্বিক উদ্যোগকে বাংলাদেশ দৃঢ়ভাবে সমর্থন করে। বৈশ্বিক গ্রিনহাউস গ্যাস নির্গমনের প্রধান উৎস না হলেও পরিবেশবান্ধব প্রযুক্তি, সবুজ প্রবৃদ্ধি এবং টেকসই সামুদ্রিক পরিবহন ব্যবস্থা গড়ে তুলতে বাংলাদেশ আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে কাজ করছে। বৈঠক শেষে যুক্তরাজ্যের পরিবহনমন্ত্রীকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান শেখ রবিউল আলম। উভয় পক্ষ পরিবহন, নৌপরিবহন, রেলপথ, বন্দর উন্নয়ন, বাণিজ্য ও বিনিয়োগসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও সম্প্রসারণে একযোগে কাজ করার প্রত্যয় ব্যক্ত করে।

## রফতানিমুখী দেশীয় বস্ত্র

রফতানিকারক সংগঠনের সদস্যদের ক্ষেত্রেও। প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, নতুন এই নগদ সহায়তার হার চলতি বছরের ১ জুলাই থেকে কার্যকর হবে। সংশ্লিষ্টরা বলছেন, বিকল্প নগদ সহায়তার হার ৫ শতাংশে উন্নীত হওয়ায় দেশীয় বস্ত্র ও টেক্সটাইল শিল্পের প্রতিযোগিতা সক্ষমতা বাড়বে। একইসঙ্গে স্থানীয়ভাবে উৎপাদিত সুতা ও কাপড় ব্যবহারে রফতানিকারকরা আরও উৎসাহিত হবেন। এর ফলে দেশীয় ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্পের বিকাশের পাশাপাশি স্থানীয় কাঁচামালের ব্যবহার বৃদ্ধি পাবে এবং রফতানি খাতেও ইতিবাচক প্রভাব পড়বে। অর্থ বিভাগ এ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বাংলাদেশ ব্যাংককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে। বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগকে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে বলা হয়েছে।

## রাজনীতি ভোগের জন্য

দলের গুরুত্বপূর্ণ নেতা ও দক্ষিণাঞ্চলের জনপ্রতিনিধিদের সঙ্গে এ অঞ্চলের উন্নয়ন নিয়ে কথা বলবেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. মামুন অর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক অধ্যাপক ডা. ফরহাদ হালিম ডোনার ও বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## বাংলাদেশে এআই মেধা

এআই ল্যাব মাৎসুও-ইওয়াসাওয়া ল্যাবরেটরি'র গবেষকরা বক্তৃতা রাখেন।

এই আয়োজনের মধ্য দিয়ে অংশগ্রহণকারীদের কৃত্রিম বুদ্ধিমত্তার সাম্প্রতিক অগ্রগতি এবং ব্যবসায়িক ও সামাজিক সমস্যা সমাধানে ডেটা সায়েন্স ও মেশিন লার্নিংয়ের প্রয়োগ সম্পর্কে বিস্তারিত ধারণা দেওয়া হয়।

গতকাল (৮ জুলাই) ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সমাপনী পর্বে অনলাইনের মাধ্যমে ও সরাসরি বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে ৮ শতাধিক শিক্ষার্থী, গবেষক, শিক্ষাবিদ, শিল্প-সংশ্লিষ্ট ব্যক্তিত্বসহ বিশিষ্ট অতিথিবৃন্দ অংশগ্রহণ করে।

এই আয়োজনের মূল উদ্দেশ্য ছিল উদ্ভাবনকে এগিয়ে নিতে উৎসাহ প্রদান করা এবং ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম এআই ট্যালেন্ট গড়ে তোলা।

এ প্রসঙ্গে জাইকা বাংলাদেশের সিনিয়র রিপ্রেজেন্টেটিভ মোরিকাওয়া ইউকো বলেন, এআই শিক্ষাকে উদ্যোক্তা উন্নয়ন, গবেষণা ও শিল্পের সঙ্গে যুক্ত করা গেলে নিজেদের সমস্যার সমাধান বাংলাদেশ নিজ থেকেই করতে পারবে বলে আমি মনে করি। এর মাধ্যমে, বাংলাদেশ বিশ্বকে নতুন নতুন উদ্ভাবনও উপহার দিতে পারবে।

## বিএনপি জুলাই সনদের

বাসস্ট্যান্ডে বাস-মিনিবাস মালিক সমিতির উদ্যোগে যাত্রীসেবার মান উন্নয়নের লক্ষ্যে স্থাপিত অভিযোগ কেন্দ্রের উদ্বোধন করেন। এ ব্যাপারে তিনি বলেন, যাত্রীদের সেবার মান নিশ্চিত করতে এই অভিযোগ কেন্দ্র স্থাপন করা হয়েছে। কোনো যাত্রী ভোগান্তি বা হয়রানির শিকার হলে অভিযোগ জানাতে পারবেন। অভিযোগের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বাস-মিনিবাস সমিতির আহ্বায়ক শফিকুর রহমান খান (শফিক), সদস্য সচিব নিলুফা ইয়াসমিন, যুগ্ম আহ্বায়ক তারেকুল ইসলাম খান ঝলকসহ সমিতির অন্যান্য নেতৃবৃন্দ।


**সম্পাদক ও প্রকাশক : কাজী জহিরুল ইসলাম (বাবুল) , নির্বাহী সম্পাদক :** কাজী জাহিদুল ইসলাম (প্রিন্স), **প্রধান বার্তা সম্পাদক :** মহিন উদ্দিন (স্বপন)। সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : পল্টন চায়না টাউন, স্যুট ৯/৮, লেভেল-৯, পশ্চিম ভবন (৯ম তলা) ৬৮ নয়া পল্টন, ঢাকা-১০০০। প্রিন্স মিডিয়া লি: কর্তৃক প্রকাশিত। (ডোনা প্রিন্টার্স, ৬০/বি, পুরানা পল্টন, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত। মোবাইল-০১৭১৬-৩৬৬০৬১,০১৭৩২-৪২৬২৪৫ E-mail : dailyneighbour@gmail.com. www.dailyneighbour.com

# জন্মস্থান মাশহাদে আয়াতুল্লাহ আলী খামেনির দাফন সম্পন্ন

আন্তর্জাতিক ডেস্ক:

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে বৃহস্পতিবার (৯ জুলাই) তাঁর জন্মস্থান দেশটির উত্তর-পূর্বাঞ্চলীয় শহর মাশহাদে দাফন করা হয়েছে। সেখানকার পবিত্রতম ধর্মীয় স্থাপনা ইমাম রেজার মাজারে তাঁকে দাফন করা হয়। যুক্তরাষ্ট্রইসরায়েলের যৌথ হামলায় তিনি নিহত হন।

বৃহস্পতিবার খামেনির মরদেহ একটি ট্রাকে করে মাশহাদের জনাকীর্ণ সড়ক দিয়ে ইমাম রেজার মাজারের দিকে নেওয়া হয়। ট্রাকের দুই পাশে সাদা পাগড়ি পরা আলেমরা হাঁটছিলেন। কালো পোশাক পরা শোকাহত লাখো মানুষ ইরানের জাতীয় পতাকা, খামেনির ছবি এবং বিপ্লবী স্লোগানসংবলিত লাল প্ল্যাকার্ড হাতে শোকযাত্রায় অংশ নেন। খামেনির দাফনের মধ্য দিয়ে এক সপ্তাহ ধরে চলা জানাজা, শোকযাত্রা ও শোকানুষ্ঠানের সমাপ্তি হলো। তাঁর ছেলে ও উত্তরসূরি মোজতবা খামেনি এখনো জনসমক্ষে আসেননি। যুক্তরাষ্ট্রইসরায়েলের যৌথ হামলায় নিহত ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মরদেহবাহী কফিন মাশহাদের ইমাম রেজার মাজারে নেওয়া হচ্ছে। ৯ জুলাই ২০২৬ চার মাসের বেশি সময় ধরে চলা যুদ্ধে গত মাসে যুদ্ধবিরতি হলেও সম্প্রতি যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আবারও উত্তেজনা বেড়েছে। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্রইসরায়েলের যৌথ হামলায় যুদ্ধের প্রথম দফায় নিহত হন খামেনি। টানা হামলার ৪০ দিনের মাথায় যুক্তরাষ্ট্র ও ইরান সাময়িক যুদ্ধবিরতিতে সম্মত হয়। গত মাসে যুদ্ধ শেষ করতে দেশ দুটির মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়। স্থায়ী যুদ্ধবিরতির লক্ষ্যে এখন তাদের মধ্যে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আলোচনা চলছে। এর মধ্যে আবার নতুন করে পাল্টাপাল্টি হামলাও চলছে দুই দেশের মধ্যে। ইরানের সঙ্গে যুদ্ধবিরতি শেষ বলে ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এখনো প্রকাশ্যে আসেননি মোজতবা বাবার মৃত্যুর এক সপ্তাহ পর মার্চের শুরুতে ধর্মীয় নেতাদের একটি পরিষদ মোজতবা খামেনিকে নতুন সর্বোচ্চ নেতা ঘোষণা করে। তবে এরপর থেকে তিনি জনসমক্ষে আসেননি। যুদ্ধ শুরুর পর থেকে তাঁর কোনো ছবি, ভিডিও বা কণ্ঠধারণও প্রকাশ করা হয়নি। তবে লিখিত বিবৃতি দিয়েছেন তিনি। বাবাকে হত্যা করা হামলায় মোজতবাও গুরুতর আহত হন। ওই হামলায় তাঁর মুখমণ্ডল বিকৃত হয় এবং শরীরের বিভিন্ন অংশে গুরুতর আঘাত লাগে। তেহরানের জ্যেষ্ঠ কয়েকটি সূত্র জানিয়েছে, মোজতবা ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন। তবে এখনো জনসমক্ষে আসার মতো অবস্থায় পৌঁছাননি। পাশাপাশি নতুন করে যুক্তরাষ্ট্রের হামলার আশঙ্কায় তাঁর নিরাপত্তা নিশ্চিত করতেও রাষ্ট্রীয় নিরাপত্তা সংস্থাগুলো তাঁর জনসমক্ষে উপস্থিতি সীমিত রাখছে। খামেনির শোকযাত্রা শুরু হওয়ার অপেক্ষায় মাশহাদে জড়ো হওয়া অনেক মানুষ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে প্রতিশোধের স্লোগান দেন। বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, আয়াতুল্লাহ আলী খামেনি ১৯৩৯ সালের ১৯ এপ্রিল ইরানের মাশহাদে জন্মগ্রহণ করেন। ধর্মীয় পরিবারে জন্ম নেওয়া খামেনি তরুণ বয়সে কোম ও মাশহাদে ইসলামি শিক্ষা লাভ করেন। ১৯৭৯ সালের ইসলামি বিপ্লবের পর তিনি দ্রুত দেশটির শীর্ষ নেতৃত্বে উঠে আসেন। ১৯৮১ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত ইরানের প্রেসিডেন্ট ছিলেন।



যুক্তরাষ্ট্রইসরায়েলের যৌথ হামলায় নিহত ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মরদেহবাহী কফিন মাশহাদের ইমাম রেজার মাজারে নেওয়া হচ্ছে। -ছবি: রয়টার্স

## ইরানে খামেনির দাফনের দিন বিস্ফোরণের দায় নিচ্ছে না যুক্তরাষ্ট্র, তাহলে হামলার জন্য দায়ী কে

আন্তর্জাতিক ডেস্ক:

ইরানের বিভিন্ন প্রান্তে গতকাল বৃহস্পতিবার বিস্ফোরণের শব্দ শোনা গেছে। অন্যদিকে মার্কিন সামরিক কর্মকর্তারা নতুন এ হামলায় তাঁদের কোনো সম্পৃক্ততা নেই বলে দাবি করেছেন। ইরানের সংবাদমাধ্যম মেহর নিউজ এজেন্সির প্রতিবেদনে বলা হয়েছে, গতকাল বৃহস্পতিবার শেষ রাতের দিকে বুশেহর ও এর কাছের শহর চোগাদাকের আশপাশের এলাকায় একাধিক বিস্ফোরণের শব্দ শোনা গেছে। বুশেহর শহরে ইরানের একটি পারমাণবিক কেন্দ্র রয়েছে। প্রতিবেদনে আরও বলা হয়, দক্ষিণের শহর কোনারকেও আরও তিনটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এর কিছুক্ষণ পরই মার্কিন সেন্ট্রাল কমান্ড আল-জাজিরাকে জানায়, গত কয়েক ঘণ্টায় মার্কিন সামরিক বাহিনী ইরানে কোনো ধরনের হামলা চালায়নি। গত মঙ্গলবার থেকে যুক্তরাষ্ট্র ও ইরান পাল্টাপাল্টি হামলা চালিয়ে আসছে। পাশাপাশি তেহরান কাতার, বাহরাইন, কুয়েতসহ পারস্য উপসাগরীয় অঞ্চলের মার্কিন সামরিক ঘাঁটিগুলোতেও আঘাত হেনেছে। দুই দেশের পাল্টাপাল্টি হামলার ফলে জুনের মাঝামাঝিতে হওয়া ভঙ্গুর যুদ্ধবিরতি চুক্তিটি আরও বড় ঝুঁকির মুখে পড়েছে। বিস্ফোরণের কারণ, ক্ষয়ক্ষতি বা হতাহতের বিষয়ে মেহর নিউজ এজেন্সি বিস্তারিত কোনো তথ্য দেয়নি। বুশেহরের রাজনৈতিক ও নিরাপত্তাবিষয়ক ডেপুটি গভর্নর এহসান জাহানিয়ান রাষ্ট্রীয় গণমাধ্যম ইরনাকে বলেন, শহরের বিস্ফোরণটি বিমান প্রতিরক্ষাব্যবস্থার কারণে হয়েছিল। জাহানিয়ান আরও জানান, বুশেহরের উপকণ্ঠে একটি সামরিক ঘাঁটিতে একটি ‘প্রজেক্টাইল’ বা ক্ষেপণাস্ত্রজাতীয় বস্তু আঘাত হেনেছে। যুদ্ধ ‘শেষ হয়নি’ ইরান থেকে খবর আসার পরপরই ইসরায়েলের যুদ্ধবাজ প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে তাঁর ফোনে কথা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রকাশিত এক বিবৃতি অনুযায়ী, ‘ফোনে আলাপকালে তাঁরা বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের মধ্যে সমন্বয় বজায় রাখার বিষয়ে একমত হয়েছেন।’ বিবৃতিতে আরও বলা হয়, ট্রাম্প নেতানিয়াহুকে ‘পারস্য উপসাগরে মার্কিন পদক্ষেপের’ সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানিয়েছেন। এর আগে বৃহস্পতিবার দক্ষিণ ইসরায়েলের হাতজেরিম বিমানঘাঁটিতে বিমানবাহিনীর স্নাতক অনুষ্ঠানে নেতানিয়াহু বলেছিলেন, ‘(ইরান) যুদ্ধ শেষ হয়নি। নতুন নতুন চ্যালেঞ্জ রয়েছে।’ দৈনিক ইয়েদিওথ আহরোনথের প্রতিবেদন অনুযায়ী, নেতানিয়াহুকে বলতে শোনা যায়, ‘আকাশসীমায় আধিপত্য বজায় রাখা ইসরায়েলের জাতীয় নিরাপত্তানীতির একটি মৌলিক স্তম্ভ। অশান্ত মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা ধরে রাখতে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।’ ইসরায়েলের সেনাপ্রধান ইয়াল জামিরও বলেছেন, ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান ‘শেষ হয়ে যায়নি’। মধ্যপ্রাচ্যে নৃশংশতা ছড়ানো ইসরায়েলি বাহিনীর প্রধান তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, ‘আমাদের টেবিলে নতুন পরিকল্পনা রয়েছে। বড় ধরনের অভিযান এখনো আমাদের সামনে অপেক্ষা করছে বলে মনে হচ্ছে। প্রস্তুত থাকুন।’ ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, প্রয়োজনে ইরানে হামলা চালাতে ইসরায়েল প্রস্তুত। নানা সময় উসকানিমূলক বক্তব্য দিয়ে আসা ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ বলেন, ‘আকাশসীমার আধিপত্য পুনরুদ্ধার করতে, ইরানে আবার আঘাত হানতে এবং হুমকি দূর করতে।



## মধ্যবর্তী নির্বাচনের আগে নির্বাচন সহায়তা কমিশনের সবশেষ তিন কর্মকর্তাকেও বরখাস্ত করলেন ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গতকাল বৃহস্পতিবার স্বাধীন ফেডারেল সংস্থা নির্বাচন সহায়তা কমিশনের শেষ তিন কমিশনারকেও দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছেন। হোয়াইট হাউস এ তথ্য নিশ্চিত করেছে। ‘ইলেকশন অ্যাসিস্ট্যান্স কমিশন’ নামের প্রতিষ্ঠানটি দেশজুড়ে নির্বাচন পরিচালনার দায়িত্বে থাকা কর্মকর্তাদের সহযোগিতা করে থাকে। চার সদস্যের দ্বিদলীয় এ কমিশনের একজন কমিশনার গত এপ্রিলে দায়িত্ব থেকে অব্যাহতি নেন। আর অপর তিন কমিশনারকে গতকাল ভিন্ন ভিন্ন উপায়ে পদ ছাড়তে বাধ্য করা হয়েছে। গতকাল ট্রাম্পের এ সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট এক ব্যক্তি এবং এ সিদ্ধান্তের বিষয়ে ব্রিফিং পাওয়া আরও দুই ব্যক্তি বলেছেন, ওই তিনজনের মধ্যে রিপাবলিকান মনোনীত একমাত্র কমিশনার পদত্যাগ করেছেন। আর ডেমোক্র্যাট মনোনীত বাকি দুই কমিশনারকে হোয়াইট হাউসের প্রেসিডেনশিয়াল পার্সোনেল অফিস থেকে পাঠানো একটি ই-মেইলের মাধ্যমে বরখাস্তের সিদ্ধান্ত জানানো হয়েছে। চার সদস্যের দ্বিদলীয় এ কমিশনের একজন কমিশনার গত এপ্রিলে দায়িত্ব থেকে অব্যাহতি নেন। আর অপর তিন কমিশনারকে গতকাল ভিন্ন ভিন্ন উপায়ে পদ ছাড়তে বাধ্য করা হয়েছে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের এক রায়ের পর এ বরখাস্তের ঘটনা ঘটেছে। ওই রায়ে প্রেসিডেন্টকে স্বাধীন সরকারি সংস্থাগুলোর সদস্যদের অপসারণের ক্ষেত্রে আরও বেশি ক্ষমতা দেওয়া হয়েছে। আগামী নভেম্বরে অনুষ্ঠেয় কংগ্রেসের মধ্যবর্তী নির্বাচন সামনে রেখে ভোটের প্রক্রিয়ায় ফেডারেল সরকারের ভূমিকা বাড়ানোর চেষ্টা করছেন ট্রাম্প। তবে যুক্তরাষ্ট্রে নির্বাচন পরিচালনার দায়িত্ব সাধারণত অঙ্গরাজ্যগুলোর ওপরই থাকে। কমিশনের কর্মকর্তাদের বরখাস্তের সিদ্ধান্ত জানিয়ে পাঠানো ই-মেইল দেখেছে রয়টার্স। এতে বলা হয়েছে, ‘প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পক্ষ থেকে জানানো হচ্ছে, ইলেকশন অ্যাসিস্ট্যান্স কমিশনের কমিশনার হিসেবে আপনার দায়িত্ব অবিলম্বে শেষ করা হলো।

আপনার সেবার জন্য ধন্যবাদ।’ রয়টার্স এ খবর প্রকাশ করার পর হোয়াইট হাউসও কমিশনারদের বরখাস্তের বিষয়টি নিশ্চিত করেছে। হোয়াইট হাউসের একজন কর্মকর্তা এক বিবৃতিতে বলেন, ‘যাঁরা যুক্তরাষ্ট্রের নির্বাচন নিরাপদ রাখা এবং প্রতিটি বৈধ ভোট গণনা নিশ্চিত করার গুরুত্বপূর্ণ কাজে পুরোপুরি একমত নন বলে মনে হবে, তাঁদের অপসারণের অধিকার প্রেসিডেন্ট এবং নির্বাহী বিভাগের প্রধানের আছে।’ ওই কর্মকর্তা সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায়ের কথাও উল্লেখ করেন। তিনি বলেন, ট্রাম্প প্রশাসন নির্বাচনকে জালিয়াতি ও অনিয়ম থেকে সুরক্ষিত রাখতে বিভিন্ন সরকারি সংস্থা এবং স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে কাজ করছে। পাশাপাশি, বিশেষ করে মধ্যবর্তী নির্বাচন সামনে রেখে এ কাজে শক্তিশালী অবকাঠামো গড়ে তুলতে বিনিয়োগ করা হচ্ছে।

যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধ

## যুদ্ধবিরতি টেকানোর জোর চেষ্টা

আন্তর্জাতিক ডেস্ক:

ইরানের সঙ্গে যুদ্ধবিরতি শেষ বলে মনে করছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে একই সঙ্গে তিনি দাবি করেছেন, এই ধারাবাহিক হামলার মানে এই নয়, পরিস্থিতি আবারও পূর্ণাঙ্গ যুদ্ধ বা দীর্ঘমেয়াদি সংঘাতের দিকে যাচ্ছে। ট্রাম্পের এই স্ববিরোধী বক্তব্য এবং একের পর এক সামরিক হামলার অনুমোদন ঘিরে তৈরি হয়েছে চরম বিভ্রান্তি ও অনিশ্চয়তা। চির বৈরী দুই দেশের মধ্যে একটি প্রাথমিক চুক্তিতে পৌঁছানোর কঠিন কূটনৈতিক প্রচেষ্টার মাত্র কয়েক সপ্তাহের মাথায় এই সংঘাতের ভবিষ্যৎ নিয়ে এখন বড় ধরনের প্রশ্ন দেখা দিয়েছে। ট্রাম্পের বক্তব্যের এই আকস্মিক পরিবর্তন তেহরানের ওপর চাপ সৃষ্টির কৌশলও হতে পারে। হরমুজ প্রণালিতে তেল ও প্রাকৃতিক গ্যাস পরিবাহী জাহাজে হামলা বন্ধ করতে এবং পরমাণু কর্মসূচি নিয়ে ওয়াশিংটনের শর্ত মানতে বাধ্য করতেই ট্রাম্প এই পথ বেছে নিয়ে থাকতে পারেন। এমন কৌশল তিনি আগেও ব্যবহার করেছেন। এটি আলোচনার কোনো কৌশল নাকি যুদ্ধ আরও বাড়িয়ে দেওয়ার ইঙ্গিত, তা এখনো স্পষ্ট নয়। তবে মধ্যস্থতাকারীরা এই অন্তর্বর্তীকালীন চুক্তিটি টিকিয়ে রাখতে সর্বোচ্চ চেষ্টা করছেন। বর্তমান পরিস্থিতি উত্তেজনাকে আরও উসকে দেওয়ার ঝুঁকিতে ফেলেছে, যা আগামী নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের জন্য বড় উদ্বেগের কারণ হতে পারে। ট্রাম্প পূর্ণাঙ্গ যুদ্ধে জড়ানোর আশঙ্কা উড়িয়ে দেওয়ার চেষ্টা করলেও বুধবার ইরানে নতুন করে হামলা করেছে যুক্তরাষ্ট্র। তেহরান হুমকি দিয়ে বলেছে, আবার হরমুজ প্রণালি বন্ধ হয়ে যেতে পারে।

> ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের বিমান হামলায় নিহত ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির দাফনের দিন জানাজা ও শোকমিছিলে অংশ নিতে সমবেত হন শোকার্ত মানুষ। গতকাল মাশহাদ শহরে

যুদ্ধবিরতি রক্ষায় কর্মকর্তাদের তৎপরতা-মধ্যস্থতার প্রক্রিয়ার সঙ্গে যুক্ত মধ্যপ্রাচ্যের এক গোয়েন্দা কর্মকর্তা জানান, দুই পক্ষের পারস্পরিক অবিশ্বাস বাড়তে থাকায় সংঘাত এখন অত্যন্ত ঝুঁকিপূর্ণ পর্যায়ে পৌঁছেছে। তবে পর্দার পেছনের সংবেদনশীল আলোচনা টিকিয়ে রাখতে দিনরাত উচ্চ পর্যায়ের যোগাযোগ চলছে। হরমুজ প্রণালিতে জাহাজে হামলা নিয়ে ওয়াশিংটন ক্ষুব্ধ। একই সঙ্গে পরমাণু কর্মসূচি সীমিত করার আলোচনা ধীরগতির করার জন্য তারা ইরানকে দায়ী করছে। গত মাসে ঘোষিত অন্তর্বর্তীকালীন চুক্তিটিকে স্থায়ী শান্তিচুক্তিতে রূপ দেওয়ার পরবর্তী বড় পদক্ষেপ ছিল এই পরমাণু আলোচনা। অন্যদিকে তেহরানের দাবি, হরমুজ প্রণালিসংক্রান্ত চুক্তি লঙ্ঘন করছে খোদ ওয়াশিংটন। পাশাপাশি লেবাননে ইসরায়েলি সেনা প্রত্যাহারসহ যুদ্ধবিরতি বাস্তবায়নে যুক্তরাষ্ট্র ব্যর্থ হয়েছে।

## ইরান-যুক্তরাষ্ট্র সংঘাতে আবার হরমুজে অচলাবস্থা, কমেছে জাহাজ চলাচল


আন্তর্জাতিক ডেস্ক:

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে হামলাপাল্টা হামলা শুরু হওয়ায় বিশ্বের অন্যতম প্রধান জ্বালানি রুট হরমুজ প্রণালিতে আবার বাণিজ্যিক জাহাজ চলাচল কমে গেছে। ফলে ইতিহাসের সবচেয়ে বড় সরবরাহসংকটে থাকা বৈশ্বিক জ্বালানি বাজার নতুন করে বড় ধাক্কা খেল। জাহাজ চলাচলের তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান লয়েডস লিস্ট ইন্টেলিজেন্স গতকাল বৃহস্পতিবার জানিয়েছে, গত মঙ্গলবার থেকে কোনো বড় বাণিজ্যিক জাহাজ নিজেদের অবস্থান জানান দিয়ে এই প্রণালি পার হয়নি। জলপথটি দিয়ে জাহাজ চলাচল কার্যত স্থবির হয়ে পড়েছে। লয়েডস লিস্ট ইন্টেলিজেন্সের তথ্য অনুযায়ী, ৭ জুলাইয়ের পর থেকে ১০ হাজার ডিডব্লিউটির (ডেডওয়েট টন) বেশি সক্ষমতার কোনো জাহাজ তাদের অবস্থান শনাক্তকরণ ব্যবস্থা (এআইএস) সক্রিয় রেখে তথাকথিত ‘সাউদার্ন হাইওয়ে’ পার হয়নি। তবে অন্তত দুটি জাহাজ নিজেদের শনাক্তকরণব্যবস্থা বন্ধ রেখে এই পথ পার হয়েছে বলে ধারণা করা হচ্ছে। আঞ্চলিক এই উত্তেজনা এবং হরমুজ প্রণালির অচলাবস্থা সত্ত্বেও আজ শুক্রবার আন্তর্জাতিক বাজারে তেলের দাম অনেকটাই স্থিতিশীল ছিল। এর আগে কয়েক দিন ধরেই দাম ঊর্ধ্বমুখী ছিল।

সামুদ্রিক গোয়েন্দা প্ল্যাটফর্ম উইন্ডওয়ার্ড গত বুধবার জানিয়েছে, গত সোমবার যেখানে ৪৫টি জাহাজ এই প্রণালি পার হয়েছিল, সেখানে গত বুধবার এবং গতকাল ভোরে মাত্র ৫টি জাহাজের পারাপারের রেকর্ড পাওয়া গেছে। অথচ গত ফেব্রুয়ারির শেষভাগে যুদ্ধ শুরুর আগে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ এই জলপথ দিয়ে প্রতিদিন গড়ে প্রায় ১৩০টি জাহাজ চলাচল করত।



ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের বিমান হামলায় নিহত ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির দাফনের দিন জানাজা ও শোকমিছিলে অংশ নিতে সমবেত হন শোকার্ত মানুষ।




## সিরিজ হারল বাংলাদেশ

ক্রীড়া প্রতিবেদক ঢাকা

সামনে ছিল ২৪৮ রানের লক্ষ্য। ২ উইকেটেই ১২২ রান করে ফেলেছিল বাংলাদেশ। আগের ম্যাচে ১৪২ রান তাড়া করতে না পারলেও মেহেদী হাসান মিরাজের দল এবার জয়ের আশাই করছিল। কিন্তু আচমকাই ধস নামে ব্যাটিংয়ে। আর ১১২ রান যোগ করতেই বাংলাদেশ হারিয়ে ফেলে শেষ ৮ উইকেট! আজ হারারেতে জিম্বাবুয়ের বিপক্ষে দ্বিতীয় ওয়ানডেতে বাংলাদেশ ম্যাচ হেরেছে ১৩ রানে। তিন ম্যাচ সিরিজের প্রথম দুই ওয়ানডেতেই হেরে যাওয়ায় সিরিজ হারও নিশ্চিত হয়ে গেছে বাংলাদেশের। হারারেতেই আনুষ্ঠানিকতা রক্ষার শেষ ওয়ানডেটি আগামী পরশু। টস হেরে ব্যাটিং করতে নামা জিম্বাবুয়ে প্রথম ওভারেই হারিয়ে ফেলেছিল ব্রায়ান বেনেটকে। এরপর প্রায় নিয়মিত বিরতিতেই উইকেট হারিয়েছে তারা। তবে ওপেনার বেন কারেন খেলেছেন শেষ পর্যন্ত, ১৩৫ বল খেলে অপরাজিত ছিলেন ১১১ রানে।মাঝে সিকান্দার রাজার সঙ্গে কারেনের পঞ্চম উইকেটে আসে ৯৫ বলে ৬৮ রান। রাজার বিদায়ের পর একাই লড়াই চালিয়ে ওয়ানডে ক্যারিয়ারের দ্বিতীয় সেঞ্চুরি তুলে নেন কারেন। তবে তাতেও জিম্বাবুয়ের জন্য লড়াই করার পুঁজি পাওয়া কঠিন ছিল। ওই অপূর্ণতা ঘুচে ব্রাড ইভান্সের ব্যাটে। ঝোড়ো ব্যাটিংয়ে তাসকিন আহমেদের শেষ ওভারে ৩ ছক্কায় ২২ রান নেওয়া ইভান্স ৩৮ বলে অপরাজিত থাকেন ৫৮ রানে। জিম্বাবুয়েও তাতে প্রায় আড়াই শ ছোঁয়া সংগ্রহ পায়। তাড়া করতে নেমে ৩৮ রানে ২ উইকেট হারিয়ে শুরুতেই চাপে পড়ে বাংলাদেশ। তবে তাওহিদ হৃদয় ও তানজিদ হাসানের তৃতীয় উইকেট জুটিতে ১০৭ বলে আসে ৮৪ রান। জিম্বাবুয়ের পেসারদের ভালোভাবে সামলানো তানজিদ ৭০ বলে ৫৭ রান করে বোল্ড হয়ে যান ব্রায়ান বেনেটের বলে। ১২ ওতম ওয়ানডেতে এসে প্রথম উইকেটের দেখা পেলেন বেনেট। আশা দেখিয়েও ইনিংসটা বড় করতে পারেননি হৃদয়। ৯০ বলে ৬০ রান করে তাঁর ফিরে যাওয়ার পরই বাংলাদেশ ম্যাচ থেকে ছিটকে যেতে থাকে। পরের ব্যাটসম্যানদের বেশির ভাগই বিলিয়ে দিয়ে এসেছেন উইকেট। কিছুক্ষণ অবশ্য তবু আশা বাঁচিয়ে রেখেছিলেন নুরুল হাসান ও মেহেদী হাসান মিরাজ। কিন্তু তারাও শেষ গন্তব্য অবধি নিয়ে যেতে পারেননি। ৪১ বলে ৩৮ রান করে নুরুল আগেভাগেই আউট হয়ে গিয়েছিলেন। আর শেষ ব্যাটসম্যান হিসেবে এনগারাভার বলে ক্যাচ দেওয়ার আগে ৩৩ বলে মিরাজ করেন ২৭ রান। টানা চার সিরিজ জেতা বাংলাদেশ হারের স্বাদ পেল জিম্বাবুয়েতে গিয়ে।

## আর কত কম রান চাই বাংলাদেশের

ক্রীড়া প্রতিবেদক ঢাকা

ওয়ানডেতে ১৪২ রানের লক্ষ্য কি কঠিন? আর কত কম রান হলে জেতা সম্ভব? বাংলাদেশ দলের ব্যাটাররা সেই উত্তর দিতে পারেন। তবে পেসার নাহিদ রানার কথায় মনে হচ্ছে ব্যাটারদের জন্য লক্ষ্যটা আরও কম হলে ভালো হতো।

জিম্বাবুয়ের সঙ্গে প্রথম ওয়ানডেতে সেরা পারফরমার হয়ে সংবাদ সম্মেলনে এসেছিলেন নাহিদ রানা। সেখানে এক প্রশ্নের জবাবে নবম উইকেটে জিম্বাবুয়ের ৬৩ রানের জুটি নিয়ে আক্ষেপ শোনা গেল তার কণ্ঠে, ‘ওরা শেষদিকে একটা পার্টনারশিপ করেছিল। মনে হচ্ছে আমি যদি ওই জুটিটা ভাঙ্গতে পারতাম তাহলে আজকের ম্যাচের ফলটা ভিন্ন বা আরও কিছু রান কম হতো। ওই জায়গাটাতে আমরা বোলাররা একটু লুজ বোলিং করেছি।’

এই ম্যাচেই ২১ রানে ৬ উইকেট নিয়ে বাংলাদেশি পেসারদের মধ্যে ওয়ানডেতে সেরা বোলিং ফিগার উপহার দিয়েছেন নাহিদ। তার গতিতে টেস্টের মতো বাংলাদেশের বিপক্ষে ব্যাটিং লড়াই দেখাতে ব্যর্থ স্বাগতিকরা। অথচ নাহিদের এই কীর্তি স্লান হলো বাংলাদেশ ব্যাটারদের ব্যর্থতায়। মাত্র ১৪২ রানের লক্ষ্যটাও ছুঁতে পারেনি তারা।

অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজ চলাকালীন মোস্তাফিজুর রহমানের একটি ভিডিও ক্লিপ ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে। ড্রেসিংরুমে সতীর্থদের সঙ্গে ‘টিম টক’ এর সময় এই পেসারের প্রশ্নছিল ব্যাটার হিসেবে তাদের কেন রান করতে হবে? উপরের দিকে ভালো রান আসলে তাদের তো ক্রিজেই যেতে হচ্ছে না।

জিম্বাবুয়ের সঙ্গে টেস্টে বা ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে ব্যাটারদের পারফরম্যান্স আশানুরূপ ছিল না। নাহিদও সংবাদ সম্মেলনে দলের প্রয়োজনে রান করার জন্য প্রস্তুতির কথা বলেছেন, ‘সবসময় ১১ জনেরই ব্যাটিং করার জন্য প্রিপারেশন রাখা উচিত। ওইভাবেই প্রস্তুতি রেখেছিলাম যে যে কোনো সময় দলের জন্য রান করতে হতে পারে।’ তাই মোস্তাফিজের প্রশ্ন ফিরছে আবারও। কেন বারবার ব্যাটিং অর্ডারের লেজের ভরসায় থাকতে হচ্ছে বাংলাদেশকে। আর কত কম রান হলে ওয়ানডেতে নিরাপদে লক্ষ্য ছোঁয়া হবে বাংলাদেশ ব্যাটারদের।


সেঞ্চুরি করেন বেন কারেন জিম্বাবুয়ে ক্রিকেট



## স্পেন কেন গোল হজম করছে না

খেলা ডেস্ক

কেপ ভার্দের বিপক্ষে গোলশূন্য ড্রয়ের পর সমালোচিত হয় স্পেনের খেলা। কিন্তু সেই স্পেন উঠেছে বিশ্বকাপে কোয়ার্টার ফাইনালে। তাদের ফর্ম প্রতিপক্ষের জন্য ভয়ের কারণ। এবার বিশ্বকাপে স্পেন একমাত্র দল হিসেবে এখনো গোল হজম করেনি। বিশ্বকাপে সবচেয়ে দীর্ঘ সময় গোল না খাওয়ার রেকর্ডও স্পেনের। ২০২২ সালের কাতার বিশ্বকাপে জাপানের বিপক্ষে গোল হজমের পর থেকে এ পর্যন্ত ৬০৯ মিনিট তাদের জালে কেউ বল পাঠাতে পারেনি। লস অ্যাঞ্জেলেস স্টেডিয়ামে আজ বাংলাদেশ সময় রাতে কোয়ার্টার ফাইনালে স্পেনের প্রতিপক্ষ বেলজিয়াম। এই ম্যাচটি নিয়ে সবচেয়ে বড় আলোচনা হলো, স্পেনের জালে গোল করতে পারবে তো রুডি গার্সিয়ার দল? তবে কেন গোল করা যাচ্ছে না, তার ব্যবচ্ছেদে গুরুত্বপূর্ণ একটি বিষয়, নিজেদের বক্সে প্রতিপক্ষকে সবচেয়ে কমসংখ্যকবার বল ছুঁতে দিয়েছে তারা। সহজ কথায়, টুর্নামেন্টে টিকে থাকা অন্য যেকোনো দলের চেয়ে বলকে নিজেদের গোলপোস্ট থেকে দূরে রাখার কাজটি সবচেয়ে কার্যকরভাবে করে দেখাচ্ছে স্প্যানিশরা। বল ধরে রেখে খেলার কৌশলটা কেমন, সেটা ম্যানচেস্টার সিটিতে ৯ বছর কাটিয়ে ভালোই জানা আছে আর্জেন্টিনার সাবেক রাইটব্যাক পাবলো জাবালেতার। আক্রমণে ওঠার সময় স্পেন যেভাবে নিজেদের রক্ষণ ধরে রাখে, জাবালেতা তাতে মুগ্ধ। ফিফার টেকনিক্যাল স্টাডি গ্রুপের অন্যতম সদস্য জাবালেতা বলেন, ‘অবশ্যই বল দখলে এগিয়ে থাকার মানে হলো ম্যাচের গতি নিয়ন্ত্রণ করতে পারবেন এবং প্রতিপক্ষকে বারবার আক্রমণের সুযোগ থেকে বঞ্চিত করতে পারবেন। বল পায়ে পরিস্থিতি সামাল দিতে স্প্যানিশরা ভীষণ পটু, এটা যেন তাদের ডিএনএতেই মিশে আছে।’ জাবালেতা যোগ করেন, ‘তাদের খেলার মূল শক্তির আরেকটি জায়গা হলো পাস দেওয়ার সময় খেলোয়াড়েরা খুব কাছাকাছি অবস্থান করেন। ফলে বলের দখল হারালে খুব দ্রুত প্রতিআক্রমণে উঠতে পারে। স্পেনে একদম ছোটবেলা থেকেই খেলোয়াড়দের কৌশলটি শেখানো হয়, যাতে বল হাতছাড়া হওয়ার পরের সেকেন্ডেই সবাই সচেতন থাকে এবং সঠিক পজিশনে থেকে দ্রুত বলটি কেড়ে নিতে পারে।’ সৌদি আরব ম্যাচের উদাহরণ দেওয়া যায়। বাঁ দিকে পেদ্রি, আলেক্স বায়েনা ও মার্ক কুকুরেয়া ‘ট্রায়াঙ্গল’ তৈরি করে আক্রমণ গড়ে তোলেন। পাসটি প্রতিপক্ষ কেটে দেওয়ার সঙ্গে সঙ্গেই এই দুই মিডফিল্ডার দ্রুত চাপ সৃষ্টি করেন। এতে তাড়াহুড়া করে বল বাড়িয়ে দিতে বাধ্য হন মুসাব আল-জুয়াইর। দানি ওলমো যখন বলটি উদ্ধার করেন, তখন তাঁর চারপাশে আরও চার সতীর্থ পজিশন নিয়ে দাঁড়িয়ে। এই কৌশলের কারণে স্পেন মাঠের আধিপত্য ধরে রাখতে পারে। নকআউট পর্বে অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচের উদাহরণও দেওয়া যায়। লামিনে ইয়ামাল বক্সের ভেতর ট্যাকলের শিকার হন, বল নিয়ে অস্ট্রিয়া দ্রুত পাল্টা আক্রমণ গড়ার চেষ্টা করে।

> ২০২২ সালের কাতার বিশ্বকাপে জাপানের বিপক্ষে গোল হজমের পর থেকে এ পর্যন্ত ৬০৯ মিনিট তাদের জালে কেউ বল পাঠাতে পারেনি। লস অ্যাঞ্জেলেস স্টেডিয়ামে আজ বাংলাদেশ সময় রাতে কোয়ার্টার ফাইনালে স্পেনের প্রতিপক্ষ বেলজিয়াম।


## ভারতকে পাত্তা না দিয়ে ইংল্যান্ডের সিরিজ জয়

খেলা ডেস্ক

ভারতকে কোনোরকম পাত্তাই দিচ্ছে না ইংল্যান্ড। এবার সিরিজের চতুর্থ টি-টোয়েন্টি ম্যাচে ভারতকে ৯ উইকেটের বড় ব্যবধানে হারিয়েছে ইংলিশরা। দারুণ এই জয়ের ফলে এক ম্যাচ বাকি থাকতেই সিরিজ জয় নিশ্চিত করেছে ইংল্যান্ড, এগিয়ে গেছে ৩-০ ব্যবধানে। ব্রিস্টলে টসে জিতে আগে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছিল ভারত। ওপেনিং জুটিতে অভিষেক শর্মা এবং বৈভব সূর্যবংশী মিলে তোলেন ২৩ রান। ১টি করে চার এবং ছক্কায় সূর্যবংশী তোলে ১০ বলে ১৫ রান। তাকে বিদায় করে ইংল্যান্ডকে ব্রেক থ্রু এনে দেন পেসার জফরা আর্চার। তিনে নেমে অভিষেক শর্মার সাথে যোগ দেন ঈশান কিষাণ। ৬ বলে ৪ রানের ইনিংস খেলে দলের ৩৩ রানের মাথাতে বিদায় নেন ঈশান। পাওয়ারপ্লেটা অত ভালোভাবে কাজে লাগাতে পারেনি ভারত। ৬ ওভারে জোড়া উইকেট হারিয়ে তুলেছে ৪৪ রান। পাওয়ারপ্লে শেষেই থেমেছেন ওপেনার অভিষেক। ১৪ বলে ১৬ রানের ইনিংস খেলে বিদায় নেন এই ওপেনার। এরপর ক্রিজে জুটি বাঁধেন শ্রেয়াস আইয়ার এবং শিভাম দুবে। শক্ত হাতে দলের হাল ধরেছেন অধিনায়ক আইয়ার। কার্যকরী ব্যাটিংয়ে সামাল দিয়েছেন পরিস্থিতি। দুবে কিছুটা সংগ্রাম করেছেন। তবে রানও বের করেছেন। সময়ের সাথে সাথে রানের গতি বাড়িয়েছেন আইয়ার। দুবে ২৩ বলে ২২ রান করে সাজঘরে ফিরে যান। ফিফটি ছুঁয়েছেন অধিনায়ক আইয়ার। ফিফটির পরেও চালিয়েছেন আগ্রাসী ব্যাটিং।



এক প্রান্ত আগলে রেখে দায়িত্বশীল ব্যাটিংয়ে শেষ পর্যন্ত টিকে ছিলেন শ্রেয়াস আইয়ার। বাকিদের মধ্যে ৮ বলে ১১ রান করেছেন তিলক ভার্মা। সমান বলে ৫ রান করেন ওয়াশিংটন সুন্দর। নির্ধারিত ২০ ওভারের খেলা শেষে ৭ উইকেট হারিয়ে ১৫৮ রানের সংগ্রহ দাঁড় করায় ভারত। ৪৯ বলে ৮০ রানের ঝলমলে ইনিংস খেলে শেষ পর্যন্ত টিকে ছিলেন শ্রেয়াস আইয়ার। ইংল্যান্ডের হয়ে ২টি করে উইকেট শিকার করেছেন জফরা আর্চার এবং জশ টাং। উইল জ্যাকস এবং আদিল রশিদ ১টি করে উইকেট নিয়েছেন। জবাব দিতে নেমে দলের ১৩ রানের মাথাতেই ভেঙেছে ইংল্যান্ডের ওপেনিং জুটি। ৮ বলে ৮ রান করে সাজঘরে ফিরে যান জস বাটলার। তবে টিকে থাকা ওপেনার ফিল সল্ট এবং তিনে নামা অধিনায়ক হ্যারি ব্রুক মিলে শক্ত হাতে পরিস্থিতি সামাল দেন। শুরু থেকেই আগ্রাসী ব্যাটিংয়ে রান তুলেছেন ব্রুক। সল্টও ছিলেন দারুণ সাবলীল। দুজনের কার্যকরী ব্যাটিংয়ে দ্রুত রান বের করেছে ইংল্যান্ড। পাওয়ারপ্লের ফায়দাও লুটেছে সুদে-আসলে। ৬ ওভারে বাটলারের উইকেট হারিয়ে ৬২ রান তোলে ইংল্যান্ড। পাওয়ারপ্লে শেষেও চলেছে সল্ট-ব্রুকের উইলোবাজি। দুজনের ধুমধাড়াক্কা ব্যাটিংয়ে দ্রুত রান তুলেছে ইংলিশরা। উইকেটের চারপাশে দারুণ সব শট খেলেছেন সল্ট-ব্রুক। বের করেছেন বাউন্ডারি। সুযোগ বুঝে সিঙ্গেলস-ডাবলস নিয়েছেন। দলের রানের চাকা ছিল সচল। ভারতীয় বোলারদের পিটিয়ে তক্তা বানিয়েছেন দুজন। মাত্র ২১ বলে ফিফটি ছুঁয়েছেন হ্যারি ব্রুক। ফিফটির পরেও চালিয়েছেন তাণ্ডব। ব্রুকের পর ফিফটি ছুঁয়েছেন ফিল সল্টও। দুজনের আগ্রাসী ব্যাটিংয়ে দ্রুত জয়ের দিকে ছুটেছে ইংল্যান্ড। শেষ দিকে আর উইকেটও পড়েনি। হেসেখেলে জয়ের বন্দরে পৌঁছে গেছে ইংলিশরা। ৩৭ বল হাতে রেখে ৯ উইকেটে জিতেছে ইংল্যান্ড। ৩৫ বলে ৭৯ রানের দুর্দান্ত এক ইনিংস খেলে শেষ পর্যন্ত টিকে ছিলেন অধিনায়ক হ্যারি ব্রুক। অন্যদিকে ৪২ বলে ৫৯ রান করে অপরাজিত ছিলেন ফিল সল্ট। ভারতের হয়ে ১ উইকেট শিকার করেছেন আর্শদ্বীপ সিং। বাকিরা হাত ঘোরালেও উইকেটের দেখা পাননি। চতুর্থ ম্যাচ জিতে সিরিজে ৩-০ ব্যবধানে এগিয়ে গেল ইংল্যান্ড। প্রথম ম্যাচ বৃষ্টিতে পরিত্যক্ত হয়েছিল। এক ম্যাচ বাকি থাকতেই সিরিজ জয় নিশ্চিত করলো ইংলিশরা।



মরক্কোর রক্ষণদেয়াল ভেদ করে গোল করছেন এমবাপ্পে -রয়টার্স

## এমবাপ্পে-দেম্বেলেদের অবিশ্বাস্য ফ্রান্সকে থামাবে কে

হাসনাত শোয়েব ঢাকা

বুকে হাত দিয়ে বলুন তো, ফ্রান্স-মরক্কো ম্যাচের কোনো পর্যায়ে কি মনে হয়েছে, ফ্রান্স হারতে পারে? হার তো দূরের কথা, গোল খেতে পারেড়এমনও মনে হয়নি পুরো ম্যাচে। মরক্কো ম্যাচ তো বটেই, পুরো বিশ্বকাপে এখন পর্যন্ত ফ্রান্সকে হারানোর সম্ভাবনা কেউ তৈরি করতে পারেনি। এমনকি এই বিশ্বকাপে ফ্রান্সকে হারানোর মতো কোনো দল আছে কি না, সে প্রশ্নও উঠেছে। ফ্রান্সকে হারাতে সামাজিক যোগাযোগমাধ্যমে কেউ কেউ আগের বিশ্বকাপের দলগুলোর দিকে ফিরে তাকাতে শুরু করেছেন। কেউ বলছেন, এই ফ্রান্সকে হারাতে পারে ২০০২ সালের ব্রাজিল। আবার কারও মতে, ২০১০ সালের স্পেনকে হয়তো এই দলের সামনে দাঁড় করানো যায়। অবশ্য ২০১৮ সালে বিশ্বকাপ জেতা ফ্রান্সকেও রাখা যায় এ তালিকায়। কেউ চাইলে আরও পেছনে যেতে পারেন। তবে তারা যে এই ফ্রান্সকে হারিয়ে চ্যাম্পিয়ন হতে পারে, সে কথা নিশ্চিত করে বলার সুযোগ নেই। দিদিয়ের দেশমের ফ্রান্স এতটাই অপ্রতিরোধ্য! বিশ্বকাপ ফুটবল ইতিহাসের সেরা দলকে যদি গ্রিক দার্শনিক প্লেটোর ‘পরম রূপ’ আকারে দেখা হয়, এই ফ্রান্স দল এখন পর্যন্ত সেই পরম রূপই, অর্থাৎ সেরাদের মধ্যে সেরা। মরক্কোফ্রান্স কোয়ার্টার ফাইনাল ম্যাচে ফেরা যাক। প্রথম মিনিট থেকে ম্যাচের নিয়ন্ত্রণ নিজেদের দখলে নেয় ফ্রান্স। ৫ মিনিটের মধ্যে দুবার এগিয়ে যাওয়ার সুযোগ পায় তারা। তবে গোলপোস্টের নিচে দাঁড়িয়ে থাকা ইয়াসিন বুনুর অতিমানবীয় সেভে সে যাত্রায় বেঁচে যায় মরক্কো। বলা হয়, ভোরের সূর্য নাকি দিনের পূর্বাভাস দেয়। একইভাবে ৫ মিনিটের মধ্যে সেই দুটি আক্রমণ ছিল পুরো ম্যাচের পূর্বাভাস। এরপর শুরু হয় ফ্রান্সের আক্রমণঝড়। মিডফিল্ডে প্লেমেক করছিলেন মাইকেল ওলিসেআদ্রিয়াঁ রাবিওরা আর আক্রমণকে পরিণতি দেওয়ার চেষ্টা করছিলেন এমবাপ্পেদেজিরে দুয়েদেম্বেলেরা। ফ্রান্সের আক্রমণের ঢেউগুলো এমনভাবে আছড়ে পড়ছিল যে সেগুলো ঠেকানোর জন্য মরক্কোর ১১ খেলোয়াড়কে নিচে নেমে ‘বাস পার্ক’ করতে হচ্ছিল। এমন পরিস্থিতিতে ফ্রান্সের আক্রমণের চাপ সামলাতে না পেরে